

যীশু এবং তাঁর প্রেরিতগণ সুসমাচার ঘোষণা করেছিলেন

যারা শিশুদের শিক্ষা দেন তাদের অবশ্যই অধ্যয়ন M2b পাঠ করা উচিত।

খ্রীষ্টানগণ অনুতপ্ত বিশ্বাসীদের কাছে যীশুর রক্ষাকারী মৃত্যু এবং পুনরুত্থান, এবং ক্ষমা ও অনন্ত জীবনের তাঁর প্রতিজ্ঞার বিষয় প্রকৃত সুসমাচার ঘোষণা করেন (লুক ২৪:৪৬-৪৮)

১. সুসমাচার ঘোষণার জন্য আপনার হৃদয় প্রস্তুত করুন।

উত্তম সুসমাচার প্রসার লোকদেব তাদের পাপের জন্য অনুতাপ করতে এবং যীশুখ্রীষ্টে বিশ্বাস করতে পরিচালিত করে। আমরা যখন লোকদের কাছে সুসমাচার বলি, তখন পবিত্র আত্মা তাদের অনুতাপ করতে এবং বিশ্বাস করতে সাহায্য করে।

সুসমাচারের বাণী যা যীশুর মাধ্যমে ক্ষমা এবং অনন্ত জীবন দান করে তা উত্তমরূপে শেখার জন্য নিম্নপ্রদত্ত বাইবেলের পাঠংশগুলো যত্নসহকারে পাঠ করুন।

যীশু তাঁর মৃত্যুর পূর্বে এবং জীবনে ফিরে আসার পূর্বে নিজের বিষয় কি ভবিষ্যৎ বাণী করেছিলেন তা লুক ১৮:৩১-৩৪ পদে খুঁজে দেখুন

- তিনি কোথায় মারা যাবেন ?
- পরাজিতগণ তাঁর প্রতি কি করবেন ?
- তিনদিন পর যীশু নিজে কি করবেন ?

দু-জন স্বর্গদূত কয়েকজন মহিলাকে যীশুর বিষয় কি বলেছিলেন তা লুক ২৪:৫-৯ পদে খুঁজে দেখুন।

- পাপীরা তাঁর প্রতি কি করেছিলেন ?
- কিভাবে তিনি মারা গেছিলেন ?
- তিনদিন পর তিনি কি করেছিলেন ?

মৃত্যু এবং পুনরুত্থানের পর যীশু নিজে কি ঘোষণা করেছিলেন সেই বিষয়টি লুক ২৪:৩৬-৪৮ পদে খুঁজে দেখুন...

- কিভাবে যীশু দেখিয়েছিলেন যে সত্যিই তিনি মৃত্যু থেকে জীবনে প্রত্যাবর্তন করেছেন। (৩৬-৪৬ পদ)
- কোন কোন পবিত্র পুস্তকে এবং কোন্ কোন্ পবিত্র ব্যক্তি তাঁর মৃত্যু এবং পুনরুত্থানের বিষয় ভবিষ্যৎ বাণী করেছিলেন ? (৪৪-৪৫)
- দুঃখভোগের তিনদিন পর তাঁকে নিজেকে কি করতে হবে ? (৪৭ পদ)
- এই বিষয়ে যীশুর শিষ্যদের কি করতে হয়েছিল ? (৪৮ পদ)

পিতার যিহুদীদের কাছে কি বাণী বলেছিলেন সেই বিষয়টি প্রেরিত ২৪:১-২৪ পদে এবং ৩৭-৩৮ পদে খুঁজে দেখুন।

- পিতার যীশুর মৃত্যু এবং পুনরুত্থান সম্পর্কে কি বলেছিলেন ? (২৪:১-২৪)
- ক্ষমা এবং পবিত্র আত্মা লাভ করার জন্য যিহুদীদের কি করতে হয়েছিল ? (২৪:৩৭ এবং ৩৮ পদ)

অ-যিহুদী লোকদের কাছে পৌল যে বাণী ঘোষণা করেছিলেন সেই বিষয়টি প্রেরিত ২৬:১৯-২৩ পদে খুঁজে দেখুন...

- পরজাতিদের (অযিহুদীদের) কি করতে হবে সেই বিষয়টি (২০ পদ)। (লক্ষ্য করুন পরিত্রাণের জন্য যিহুদী এবং পরজাতি উভয়ের কাছে ঈশ্বরের প্রয়োজনের বিষয় ছিল অনুতাপ করা।)
- যীশুর মৃত্যু এবং পুনরুত্থানের বিষয়। (২৩ পদ)

আমরা যখন বাপ্তিস্ম গ্রহণ করি তখন আমাদের মধ্যে আত্মিকভাবে কি ঘটে সেই বিষয়ে রোমীয় ৬:৪-১৪ পদ থেকে খুঁজে দেখুন...

- যখন খ্রীষ্ট মৃত্যু বরণ করেছিলেন, তখন তাঁর সাথে আর কাদের মৃত্যু হয়েছিল ? (৮-৯ পদ)
- খ্রীষ্ট যখন জীবনে উঠিত হন, তখন তার সাথে কারা উঠিত হন ?

২. পরবর্তী সপ্তাহব্যাপী যে কাজগুলো করবেন সেই বিষয়ে সহকর্মীদের সঙ্গে পরিকল্পনা করুন।

যে সকল অবিশ্বাসীগণ যীশুর শক্তিতে আরোগ্য লাভ করেছেন বা উদ্ধার পেয়েছেন, তাদের কাছে সুসমাচার ব্যাখ্যা করুন এবং তাদেরকে রোমীয় ৫:১০ এবং ১০:৯-১০ পদের প্রতিজ্ঞাগুলো বলুন।

আপনি এবং আপনার সহকর্মীগণ কিভাবে সুসমাচার ব্যাখ্যা করেছেন তা সহকর্মীদের সঙ্গে আলোচনা করুন এবং যীশু যে মৃত্যুবরণ করেছিলেন এবং পুনরুত্থিত হয়েছিলেন তা ঘোষণা করার জন্য সর্বদা পরিকল্পনা করুন। লোকদের পুরাতন জীবন ত্যাগ করতে এবং খ্রীষ্টের প্রতি বিশ্বাসে নূতন জীবন গ্রহণ করতে বলুন।

ছবি ব্যবহার করুন। আপনার সংস্কৃতিতে ধর্মীয় বিষয়ে যদি ছবির ব্যবহার অনুমোদন যোগ্য হয়, তবে কতকগুলো ছবি আঁকুন অথবা নকল করুন যা আপনি এবং বিশ্বাসীগণ যীশুর সুসমাচার ব্যাখ্যা করার সময় লোকদের কাছে দেখাতে পারেন।

যে সকল বিশ্বাসীগণ নিরুৎসাহিত, পরীক্ষিত অথবা সন্দেহযুক্ত তাদের কাছে যান এবং তাদের কাছে ব্যাখ্যা করুন যে ধার্মিক জীবন যাপনের জন্য তাদের মধ্যে খ্রীষ্টের শক্তি আছে। আপনি রোমীয় ৬:১-১৪ পদ ব্যবহার করতে পারেন।

৩. আসন্ন আরাধনার সময়ের জন্য সহকর্মীদের সঙ্গে পরিকল্পনা করুন।

লোকদের প্রয়োজনের সঙ্গে মানানসই ক্রিয়াকলাপ পছন্দ করুন।

মৃত্যু থেকে উত্থিত হওয়ার পর যীশুর তাঁর শিষ্যদের কাছে আবির্ভূত হওয়ার বিষয়টি বলুন অথবা অভিনয় করুন এবং লুক ২৪ (অংশ-১) অধ্যায়ে আপনি যা খুঁজে পেয়েছেন তা ব্যাখ্যা করুন। এই বিষয়ে প্রশ্ন করুন।

শিষ্যদের বড়দের কাছে নাটক, কবিতা এবং প্রশ্নাবলী উপস্থাপন করতে দিন।

বিশ্বাসীদের অবিশ্বাসীদের কাছে সরল, শক্তিশালী বাণী বলার জন্য প্রস্তুত করুন।

“আপনার দুটি বিষয় জানার এবং দুটি বিষয় করা প্রয়োজন”

জানা

- ১) আপনি যা কিছু লজ্জাজনক কাজ করেছেন তার জন্য ঈশ্বর আপনাকে নরকে পাঠাবেন।
- ২) যীশু আপনার সমস্ত লজ্জাজনক কাজের জন্য এসেছিলেন এবং ক্রমশে মৃত্যুবরণ করেছিলেন এবং তিনি আপনাকে ক্ষমা করার জন্য এবং তাঁর অনন্তজীবন দানের জন্য পুনরুত্থিত হয়েছিলেন।

করা

- ১) আপনাকে অবশ্যই আপনার লজ্জাজনক কাজের জন্য দুঃখিত হতে হবে এবং তাদের থেকে ফিরে আসতে হবে।
- ২) আপনাকে অবশ্যই যীশুকে বিশ্বাস করতে হবে, যিনি আপনাকে ক্ষমা করার জন্য মৃত্যুবরণ করেছিলেন এবং পুনরায় উত্থিত হয়েছিলেন।

প্রভুর ভোজের বিষয়টি জানানোর জন্য, লুক ২৩:১৩-৪৮ পদের যীশুর ক্রুশীয় ঘটনাটি পাঠ করুন অথবা বলুন বিশ্বাসীরা নিম্নলিখিত কাজ করার জন্য ছোট দল গঠন করবেন

- বন্ধু ও আত্মীয়দের পরিত্রাদের নিমিত্ত প্রার্থনা করার জন্য।
- তাদের কাছে সুসমাচার ব্যাখ্যার উপায়ের নিমিত্ত প্রার্থনার জন্য।
- তাদের কাছে যাওয়ার পরিকল্পনা করার জন্য।
- দুটি বিষয় যা লোকদের অবশ্য শিখতে হবে এবং দুটি বিষয় যা অবশ্যই করতে হবে তা একসঙ্গে মুখস্থ করার জন্য।


লুক ২৪:৪৬-৪৮ পদ একত্রে মুখস্থ করুন।



যীশু এই পৃথিবীতে মানুষরূপে এসেছিলেন। তিনি এমন সময় এবং স্থানে জন্মগ্রহণ করেছিলেন যা বহুপূর্বে পবিত্র লোকেরা প্রতিজ্ঞা করেছিলেন।



যীশু উত্তম কাজের মাধ্যমে, অসুস্থ ও ভূতগ্রস্ত লোকদের আরোগ্য করে এবং মৃত লোকদের জীবনে ফিরিয়ে আনার মাধ্যমে দেখিয়েছিলেন যে তিনিই সেই প্রতিজ্ঞাত ব্যক্তি। কিভাবে ঈশ্বরকে জানতে হবে তাও তিনি শিখিয়েছিলেন।



মন্দ ধর্মীয় নেতৃবর্গ তাঁকে দোষী সাব্যস্ত করেছিল এবং মন্দ অবিশ্বাসীগণ তাঁকে ক্রুশে পেরেক বিদ্ধ করে হত্যা করেছিল, সেখানেই তিনি মারা গেছিলেন।



কর্তৃপক্ষ যীশুর বন্ধুকে তাঁকে সমাধিতে কবরস্থ করতে দিয়েছিল। রোমীয় গর্ভণর তাঁর সমাধিতে সৈন্য নিযুক্ত করেছিল যাতে লোকেরা কাছে আসতে না পারে।



তিনদিন পর, যীশু মৃত্যু থেকে উত্থিত হয়েছিলেন এবং অসংখ্য লোকের কাছে আবির্ভূত হয়েছিলেন। তিনি সর্বত্র লোকদের তাদের মন্দ পথ পরিবর্তন করতে বলতেন এবং তাদের সমুদয় মন্দ কাজের ক্ষমার জন্য এবং তাদের অনন্ত জীবন দানের জন্য তাঁর উপর বিশ্বাস করতে বলতেন।